


মুজিব শতবর্ষে বেসামরিক পেনশনারগণকে ১৬/০৩/২০২১ খ্রি. তারিখের মধ্যে ১০০% ইএফটি (EFT) করার লক্ষ্যে কর্মপরিকল্পনা প্রণয়ন প্রসংগে।

মুজিব শতবর্ষে সকল বেসামরিক পেনশনাদের ইএফটির মাধ্যমে সরাসরি ব্যাংক হিসাবে পেনশন/ভাতাদি প্রেরণের লক্ষ্যে হিসাব মহানিয়ন্ত্রক কার্যালয়ের ০৩/০৮/২০২০ খ্রি. তারিখের স্মারক নং-০৭.০৩.০০০০.০০৩.৮১.৪৫৭.১৯.৭৬২ মোতাবেক প্রাপ্ত পত্র পাওয়া মাত্র এ কার্যালয়ের আওতাধীন সকল ডিএএফও/ইউএও অফিস বরাবর পৃষ্ঠাঙ্কন করা হয়। হিসাব মহানিয়ন্ত্রক কার্যালয়ের অঙ্গীকার পূরণে এ কার্যালয়ের স্মারক নং-০৭.০৩.৭৫.১০১.১৩.২১৫.২০২০-৩৪৯৯ তারিখঃ ০১/০৯/২০২০ খ্রি. এর মাধ্যমে সংশ্লিষ্ট সকল ব্যাংকের ব্যবস্থাপক বরাবরে পত্র প্রেরণ করা হয়। পত্রের সারমর্ম মোতাবেক নভেম্বর/২০২০ খ্রি. মাসের পেনশন পূর্ণভরণ (যা ডিসেম্বর/২০২০ খ্রি. মাসে প্রদেয় হবে) বিল প্রদানের পর আর কোন পেনশন পূর্ণভরণ বিল প্রদান না করে অবশিষ্ট ডি-হাফস তালিকাসহ ডিসিএ কার্যালয় ও এ কার্যালয়ের আওতাধীন ডিএএফও/ইউএও কার্যালয়ে প্রেরণের জন্য বলা হয়। পরবর্তীতে স্মারক নং-০৭.০৩.৭৫.১০১.১৩.২১৫.২০২০-৪০৮২ তারিখঃ ২২/১১/২০২০ খ্রি. মোতাবেক পুনরায় তাগিদপত্র দেওয়া হয়। সংশ্লিষ্ট সকলের সহযোগিতায় ইতিবাচক ফলাফল অর্জিত হয়েছে। সর্বশেষে ডিসিএ রংপুর কার্যালয় ও এ কার্যালয়ের আওতাধীন সকল ডিএএফও/ইউএও কার্যালয় বরাবর সংশ্লিষ্ট ব্যাংকগুলো তাদের কাছে রক্ষিত ইএফটি বহির্ভূত অবশিষ্ট পেনশনারদের ডি-হাফস সংশ্লিষ্ট পে-পয়েন্টে ফেরত প্রদান করে। যার প্রতিবেদন ইতিপূর্বে সিজিএ কার্যালয় বরাবর প্রেরণ করা হয়েছে।

ডিসিএ রংপুর কার্যালয় ও এ কার্যালয়ের আওতাধীন সকল ডিএএফও/ইউএও কার্যালয়ে প্রাপ্ত ইএফটি বহির্ভূত পেনশনারগণের ডি-হাফস ১৬/০৩/২০২১ খ্রি. তারিখের মধ্যে ১০০% ইএফটি (EFT) করণের লক্ষ্যে নিম্নোক্ত কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়েছেঃ

ক্রমিক নং	কর্মপরিকল্পনা সমূহ	সময়কাল নির্ধারণ	মন্তব্য
০১	সংশ্লিষ্ট সকল পেনশনার বরাবর (ডি-হাফসে উল্লিখিত ঠিকানা) পত্র প্রেরণ।	০৭/০২/২০২১ ও ০৮/০২/২০২১	পাশাপাশি আগত পেনশনারগণের তথ্য সিস্টেমে অন্তর্ভুক্তি চলমান রাখা
০২	বিভাগীয় শহর এবং জেলা ও উপজেলা সদরে মাইকিং এর মাধ্যমে পেনশনারগণকে অবহিতকরণের লক্ষ্যে জনসাধারণের মাঝে ব্যাপক প্রচারণা চালানো।	০৯/০২/২০২১	"
০৩	সকল পে-পয়েন্ট এর নোটিশ বোর্ড এবং জেলা ও উপজেলা প্রশাসনের নোটিশ বোর্ডে বিজ্ঞপ্তি প্রকাশ।	১০/০২/২০২১	"

০৪	নিজ কার্যালয় সহ সকল জেলা/উপজেলা প্রশাসন কার্যালয়ের ভিজিবল প্লেসে (Visible Place) ডিজিটাল ব্যানার ঝুলিয়ে রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।	১১/০২/২০২১	"
০৫	বিভাগীয় শহর এবং জেলা ও উপজেলা প্রশাসনের প্রত্যক্ষ সহযোগিতা নিয়ে ব্যাপক প্রচারণা চালানো	১৪/০২/২০২১	"
০৬	প্রতিনিয়ত এ কার্যালয়ের আওতাধীন সকল ডিএএফও/ইউএও কার্যালয় কর্তৃক অগ্রগতি প্রতিবেদন ডিসিএ কার্যালয়কে অবহিত করতে হবে।	প্রতি সপ্তাহের শেষ কর্মদিবসে	"
০৭	ডিসিএ রংপুর কার্যালয় ও এর আওতাধীন সকল ডিএএফও/ইউএও কার্যালয় হতে প্রতিবেদন সংগ্রহপূর্বক এডিশনাল সিজিএ(প্রশাসন / হিসাব ও পদ্ধতি) শাখায় অবহিত করা হবে।	প্রতি মাসে দুইবার	"
০৮	চিহ্নিত low coverage EFT এর তালিকা মোতাবেক সংশ্লিষ্ট পে-পয়েন্ট সমূহকে বিশেষ নজর দারীতে রাখা	প্রতি কর্মদিবস	"


 ০৩/০২/২০২১
 (মোঃ মাসুদ রানা)

নিরীক্ষা ও হিসাবরক্ষণ কর্মকর্তা (প্রশাসন)

ফোন: ০৫২১-৫৬৬১৪।